

## REGIONAL NEWS

UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**

Date: 22-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

**BENGALI MORNING BULLETIN**

---

**President graces Deepotsovam:**

রাষ্ট্রপতি দ্বোপদী মুর্ম হায়দ্রাবাদে কোটি দীপোতৎসভম ২০২৪  
এ যোগদান করেন। রাষ্ট্রপতি বলেন, প্রদীপ জ্বালানো অন্ধকার  
থেকে আলোর দিকে এবং অঙ্গতা থেকে জ্ঞানে ঘাওয়ার বার্তা  
দেয়। দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যেতে সত্য ও  
ধর্মের পথে হাঁটতে এবং সুবিধা বঞ্চিতদের কল্যানে কাজ করার  
জন্য তিনি সবাইকে সংকল্পবন্ধ হওয়ার আহ্বান জানান।

\*\*\*\*\*

**Governor-Pilak :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু বলেছেন, ত্রিপুরা ছোট রাজ্য  
হলেও ঐতিহাসিক ও সাংস্কৃতিক দিক দিয়ে খুবই সমৃদ্ধ। এই  
রাজ্যে অনেকগুলি ঐতিহাসিক এবং পর্যটন কেন্দ্র রয়েছে।  
গতকাল জোলাইবাড়িতে পিলাক প্রত্নতাত্ত্বিক স্থল পরিদর্শনের পর  
সংবাদ মাধ্যমকে তিনি একথা জানান। তিনি বলেন, ত্রিপুরা  
দেশের অন্যান্য রাজ্যগুলির সঙ্গে উন্নয়নের নিরিখে প্রতিযোগিতায়  
রয়েছে এবং সামনের দিকে এগিয়ে যাচ্ছে।

\*\*\*\*\*

**State Level People's Plan Campaign :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, উন্নয়ন কর্মসূচি  
রূপায়ণে ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের স্বচ্ছতা ও সততা  
নিয়ে কাজ করতে হবে। জনপ্রতিনিধিরা ভালো ব্যবহার করলে  
মানুষ তাদের উপর বিশ্বাস রাখবে। গতকাল অরুণ্ধতীনগরস্থি

পঞ্চায়েতরাজ ট্রেনিং ইনসিটিউটের গ্রাম স্বরাজ ভবনে রাজ্যভিত্তিক জনপরিকল্পনা অভিযানে এক কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রটিকে স্টেট পঞ্চায়েত রিসোর্স সেন্টার হিসেবে ঘোষণা করেন।

\*\*\*\*\*

#### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তি চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

#### **CBSE Board Exam:**

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন (CBSE) ঘোষণা করেছে যে দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষা আগামী ১৫ ই ফেব্রুয়ারী ২০২৫ থেকে শুরু হবে। বোর্ড ঘোষণা করেছে যে দশম শ্রেণীর পরীক্ষা ১৮ ই মার্চ শেষ হবে এবং দ্বাদশ শ্রেণীর পরীক্ষা চৌথা এপ্রিল শেষ হবে।

উল্লেখ্য প্রথমবারের মতো CBSE পরীক্ষার প্রায় ৮৬ দিন আগে সময়সূচী প্রকাশ করেছে। CBSE জানিয়েছে, দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের পরীক্ষার তারিখগুলি বিভিন্ন প্রবেশিকা পরীক্ষার তারিখগুলি মাথায় রেখে নির্বাচন করা হয়েছে।

\*\*\*\*\*

### **Fishery Day :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, রাজ্যের বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীদের ১০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। গতকাল বিশ্ব মৎস্য দিবস উপলক্ষ্যে আগরতলার প্রজ্ঞা ভবনে মৎস্য দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, আগামী ডিসেম্বর মাসে উনকোটি জেলার সতেরো হাউরে ইন্টিগ্রেটেড একোয়া পার্ক নির্মাণের কাজ শুরু হবে।

\*\*\*\*\*

### **Youth Award:**

কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আজ নতুন দিল্লিতে একটি অনুষ্ঠানে ২০২২ ও ২০২৩ সালের ওস্তাদ বিসমিল্লাহ খান যুব পুরস্কার প্রদান করবেন। মোট ৮২ জন তরুণ শিল্পীকে এই পুরস্কারে ভূষিত করা হবে। দিল্লিতে এবং দিল্লির বাইরের সঙ্গীত, নৃত্য, নাটক, লোক ও উপজাতীয় শিল্পকলা এবং পুতুলশিল্পের ক্ষেত্রে অসামান্য তরুণ শিল্পীদের এই পুরস্কার দেওয়া হয়। পুরস্কার হিসেবে ২৫ হাজার টাকা নগদ পুরস্কার, একটি ফলক এবং একটি অঙ্গবন্ধু দে'য়া হবে।

\*\*\*\*\*

### **Hospital Visit-KAILASHAHAR :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় এবং স্বাস্থ্যসচিব কিরণ গিত্তে সহ এক প্রশাসনিক প্রতিনিধিদল গতকাল কৈলাশহরস্থিত উনকোটি জেলা হাসপাতাল পরিদর্শন করেন। প্রতিনিধিদলে ছিলেন, উনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ সঞ্জীব দেববর্মা, জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম মিশন অধিকর্তা অরূপ দেব।

\*\*\*\*\*

### **Khelo India:**

কেন্দ্ৰীয় যুব বিষয়ক ও ক্ৰীড়া মন্ত্ৰী ডঃ মনসুখ মণ্ডাভিয়া ঘোষণা কৰেছেন যে বিহার আগামী বছৰের এপ্ৰিল মাসে খেল ইন্ডিয়া যুব গেমস এবং প্যারা গেমসের আয়োজন কৰেছে।

ডঃ মণ্ডাভিয়া বলেন, প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদীৰ স্বপ্ন দেশেৰ প্ৰতিটি কোনায় খেল ইন্ডিয়া গেমস নিয়ে আসা। তিনি বলেন ২০৪৭ সালেৰ মধ্যে বিকশিত ভাৰতেৰ রূপকল্প বাস্তবায়নে খেলাধুলাৰ একটি গুৱৰুত্বপূৰ্ণ ভূমিকা পালন কৰবে।

---

### **Weather :**

আজ আকাশ পৱিষ্ঠার থাকবে। সকালেৰ দিকে হালকা কুয়াশা পৱিলক্ষিত হয়েছে। আজ দিনেৰ তাপমাত্ৰা সৰ্বোচ্চ ৩০ ডিগ্ৰি সেলসিয়াস এৰ কাছাকাছি থাকবে। আজ ভোৱে সৰ্বনিম্ন তাপমাত্ৰা ছিল ১৬.৬ ডিগ্ৰি সেলসিয়াস।

---

\*\*\*\*\*